# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ২৯. ৪. মঙ্গলময়তা বনাম অমঙ্গলময়তা

প্রকাশিত বাক্য ১৫/৩: ‘‘হে প্রভু ঈশ্বর, সর্বশক্তিমান; ন্যায্য ও সত্য তোমার মার্গসকল (কি. মো.: কত ন্যায় ও সত্য তোমার পথ)। গীতসংহিতা ১১৯/৬৮: ‘‘তুমি মঙ্গলময় ও মঙ্গলকারী, তোমার বিধিগুলো আমাকে শিক্ষা দাও।’’

এর বিপরীতে যিহিষ্কেল ২০/২৫ বলছে: ‘‘এছাড়া, যা মঙ্গলজনক নয়, এমন বিধিকলাপ এবং যা দ্বারা কেউ বাঁচতে পারে না, এমন অনুশাসনগুলো তাদের দিলাম।’’ বিচারকর্তৃগণ ৯/২৩ বলছে: ‘‘পরে ঈশ্বর অবীমেলকের ও শিখিমের গৃহস্থদের মধ্যে এক মন্দ আত্মা (an evil spirit) প্রেরণ করিলেন, তাহাতে শিখিমের গৃহস্থেরা অবীমেলকের প্রতি বিশ্বাসঘাতকতা করিল।’’

অমঙ্গময় ও বাঁচার অনুপযোগী বিধান দেওয়া এবং মন্দ আত্মা প্রেরণ করাই কি ঈশ্বরের ন্যায্য ও সত্য পথ এবং মঙ্গলময়তার নমুনা?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14300

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন